

০৩নং ডোয়াইল ইউনিয়ন পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।

সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নাসির উদ্দিন
সভার তারিখ	:	০৬ সেপ্টেম্বর ২০২০
সময়	:	১১.০০ ঘটিকায়
স্থান	:	ইউপি অফিস কক্ষ

আলোচনাপত্রিঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ২০২০-২১ রবি মৌসুমে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রগোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরনের তালিকাকরণ প্রসঙ্গে।
- ৩। ২০২০-২১ অর্থ বছরে শতভাগ বয়ক, বিধবা ও স্বামী পরিত্যক্ত উপকারভোগীদের অনলাইনে আবেদন প্রসংগে।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিতকরণ করা হয়।

১নং আলোচনাপত্রী মোতাবেক সভাপতি সাহেব বলেন ২০২০-২১ রবি মৌসুমে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রগোদনা কর্মসূচীর আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বোরো, গম, ভূট্টা, সরিষা, চিনা বাদাম, শীতকালীন মুগ, পেয়াজ বীজ ও রাসায়নিক সার সরবরাহ করা হবে। পরে সভাপতির অনুমতিক্রমে উপ-সহকারী কৃষি কর্মকর্তা মোঃ শফিকুল ইসলাম কৃষক নির্বাচনের নীতিমালা পাঠ করে শুনান। সভাপতি সাহেব বলেন নীতিমালা অনুযায়ী চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হোক।

বিস্তারিত আলোচনাক্রমে অতিন্দৃত প্রান্তিক কৃষক নির্বাচন করে যথাযথ কর্তৃপক্ষের কার্যালয়ে তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩নং আলোচনাপত্রী মোতাবেক সভাপতি সাহেব বলেন ২০২০-২১ অর্থ বছরে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিক উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ১০০টি উপজেলায় শতভাগ বয়ক, বিধবা ও স্বামী পরিত্যক্ত ভাতা দেওয়ার জন্য সিদ্ধান্ত দিয়েছে। আমাদের জামালপুর সদর উপজেলা এর আওতায় পড়েছে। অতি দ্রুত উপকারভোগীদের অনলাইনে আবেদন করার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হোক। বিস্তারিত আলোচনাক্রমে ইউনিয়নের প্রতিটি গ্রামে মাইকিং এর মাধ্যমে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।


৪নং আলোচনাপত্রী মোতাবেক সভাপতি সাহেব বলেন স্থাবর সম্পত্তি হস্তান্তর কর (১%) অর্থ দ্বারা ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদের আলোকে প্রকল্প প্রস্তাৱ গ্ৰহণ কৰা প্ৰয়োজন। উক্ত বিষয়ে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা কৰিয়া নিম্নরূপ প্রকল্প প্রস্তাৱ ও প্রকল্প কমিটি গঠন কৰে উপজেলা নিৰ্বাহী অফিসার মহোদয়ের সদয় অনুমোদনের জন্য প্ৰেৰনেৰ সবসম্মতি সিদ্ধান্ত গ্ৰহণ কৰেন।

ক্রমিক নং	প্রকল্পের নাম	টাকার পরিমাণ
১।	চৰপাড়া বাজার হতে খালেকেৱ মোড় বাজার পথৰ্ক ক্ষতিগ্ৰস্ত রাস্তা মেৰামত	২,০০,০০০/-
	কথায়ঃ (দুই লক্ষ) টাকা	সৰ্বমোট= ২,০০,০০০/-

প্রকল্প কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
১।	মোঃ নাসির উদ্দিন	ইউপি চেয়ারম্যান	সভাপতি
২।	মোঃ ইকরামুল ইসলাম	ইউপি সদস্য	সদস্য সচিব
৩।	মোঃ দুলাল মিয়া	ইউপি সদস্য	সদস্য
৪।	মোঃ মামিনুল ইসলাম রাসেল	শিক্ষক	সদস্য
৫।	মোঃ রফিকুল ইসলাম	সমাজসেবক	সদস্য
৬।	নাসরীন জাহান	এনজিও প্রতিনিধি	সদস্য
৭।	মওলানা মোঃ আনিতুর রহমান	ইমাম	সদস্য

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ নাসির উদ্দিন)
 চেয়ারম্যান
 ৩নং ডোকাইল ইউনিয়ন পরিষদ
 সরিবাবাড়ী, আগাম পুর।